

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩  
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.০২.০০২.১৮-৩৬৪

তারিখ: ১১.০৯.২০১৯খ্রি.

বিষয়ঃ বেসরকারি মাদ্রাসা শিক্ষক/কর্মচারীদের অনলাইনে এবং অফলাইনে নতুন এমপিও, বকেয়া বেতন ও সকল প্রকার সংশোধনী কার্যক্রম স্বগিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৭.০৫.০০২.১৭-১৩১

তারিখঃ ০১.০৮.২০১৯ খ্রি:

(২) মেমিস প্রকল্প পরিচালকের স্মারক নং-এমইএমআইএস/প্রকল্প/ডিজি.চিই/২০১৮/৩২৫

তারিখঃ ১০.০৯.২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, “মাদ্রাসা এডুকেশন ম্যানেজমেন্ট অ্যান্ড ইনফরমেশন সিস্টেম সাপোর্ট” প্রকল্পে MEMIS Application সফটওয়্যারটির ডেভেলপমেন্ট সম্পন্ন হয়েছে।

০২. সূত্রে বর্ণিত (১) নং পত্রে “মাদ্রাসা এডুকেশন ম্যানেজমেন্ট অ্যান্ড ইনফরমেশন সিস্টেম”-এর লাইভ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ০৫/০৮/২০১৯ খ্রি. তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ইএমআইএস সেল হতে মাদ্রাসা সংক্রান্ত সকল তথ্য/ডাটা প্রদানের জন্য এবং তথ্য/ডাটা প্রদানের পর থেকে অনলাইনে এবং অফলাইনে নতুন এমপিও, বকেয়া বেতন ও সকল প্রকার সংশোধনী কার্যক্রম স্বগিতকরণের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়।

০৩. এমতাবস্থায়, উপরিউক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, সকল অঞ্চল।



(মোঃ জিয়াউল আহসান)  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  
ফোন: ৪১০৩০১৬২

অনুলিপি:

০১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
০৩. জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা।
০৪. সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা।
০৫. অফিস কপি।